

## অধিবেশনের লক্ষ্য

বিভিন্ন অঞ্চলের জন্য উপযুক্ত ধানভিত্তিক শস্যবিন্যাসের গুরুত্ব ও প্রয়োজনীয়তা সম্পর্কে ধারণা দেয়া।

## অধিবেশনের উদ্দেশ্য

এ অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণঃ

জমির উর্বরতা তথা মাটির স্বাস্থ্য ঠিক রেখে কিভাবে ধানের অধিক ফলন পাওয়া যায় সে সম্পর্কে বিস্তারিত জানতে পারবেন।

সময়	বিষয়বস্তু	পদ্ধতি
------	------------	--------



## সহায়তাকারী ব্যাখ্যা করুন

ধানের অধিক ফলন পেতে হলে জমির উর্বরতা তথা মাটি স্বাস্থ্য ঠিক রাখা বাঞ্ছনীয়। তাই জমিতে একাধারে ধান চাষ না করে লাভজনক কোন ফসল চাষ করে মাটির উর্বরতা রক্ষা করা যায় তা জানা অত্যাবশ্যিক। শুধু তাই নয় ধানের সাথে অন্যান্য ফসল কিভাবে চাষ করে আয় বাড়ানো যায় তা জানা দরকার।

মডিউল ৮ অর্থাৎ ধান ভিত্তিক শস্যবিন্যাসে মোট ৬টি ফ্যাক্টশীটে লাভজনক শস্যবিন্যাস নিয়ে আলোচনা করা হল।



সময় ৯০ মিঃ



## মালটিমিডিয়া দেখান

## মডিউল ৮: ধানভিত্তিক শস্যবিন্যাস

ফ্যাক্ট শীট ১ : রোপা আমন-আলু-বোরো শস্যক্রম

ফ্যাক্ট শীট ২ : রোপা আমন-সরিষা-বোরো শস্যক্রম

ফ্যাক্ট শীট ৩ : রোপা আমন-বোরো শস্যক্রম

ফ্যাক্ট শীট ৪ : সরিষা-বোরো শস্যক্রম

ফ্যাক্ট শীট ৫ : সমন্বিত ধান ও হাঁস চাষ

ফ্যাক্ট শীট ৬ : সমন্বিত ধান ও মাছ চাষ

